দৈনিক বাংলা    031    তারিখ ...05 JUN 1986...

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

নং এন ১২/১-২২/৮৬-ইডিএন    তারিখ : ৩১-৫-১৯৮৬

## ১৯৮৬ সালের জন্য ইউএসএসআর স্কলারশিপ

১৯৮৬ শিক্ষা সেশনে নিম্নোক্ত বিষয়সমূহে অধ্যয়নকল্পে ইউএসএসআর সরকার কর্তৃক প্রস্তাবিত স্কলারশিপের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

**পোস্ট গ্রাজুয়েট পর্যায়**

| বিষয় : | ন্যূনতম যোগ্যতা |
|---|---|
| পেডাগগী (টিচার্স ট্রেনিং) | এডুকেশনে ১ম শ্রেণীর মাস্টার ডিগ্রি এবং অবশিষ্ট পরীক্ষাসমূহে কমপক্ষে ২য় শ্রেণী/বিভাগ থাকতে হবে। কোন পর্যায়েই তৃতীয় বিভাগ থাকলে চলবে না। |
| মেডিসিন | এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় ১ম বিভাগসহ এমবিবিএস। |
| সিভিল ইঞ্জিনীয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনীয়ারিং, ইলেকট্রিক্যাল ইঞ্জিনীয়ারিং, কেমিক্যাল ইঞ্জিনীয়ারিং, নেভাল ইঞ্জিনীয়ারিং/নেভাল আর্কিটেকচার। | এসএসসি ও এইচএসসি পরীক্ষায় ১ম বিভাগসমেত সংশ্লিষ্ট বিষয়ে ১ম শ্রেণীর বিএসসি ডিগ্রি। |
| ইলেকট্রনিক্স, এ্যাগ্রনমি, ভেটেরিনারী সায়েন্স, ফিশারিজ। | কমপক্ষে ৩টি ১ম শ্রেণীসহ মাস্টার ডিগ্রি এবং কোন পর্যায়েই তৃতীয় শ্রেণী থাকা চলবে না। |

বিশেষ ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়ে আন্ডারগ্রাজুয়েট পর্যায়ে কিছুসংখ্যক স্কলারশিপ বিবেচনা করা যেতে পারে :

| | |
|---|---|
| মেডিক্যাল ফার্মেসী | এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষার গড়ে ৭৫% নম্বরসমেত ১ম বিভাগ। |
| সিভিল ইঞ্জিনীয়ারিং, হাইড্রলিক ইঞ্জিনীয়ারিং (পাওয়ার প্ল্যান্ট কনস্ট্রাকশন), হাইওয়ে ইঞ্জিনীয়ারিং (সিভিল), কেমিক্যাল ইঞ্জিনীয়ারিং, এগ্রিকালচারাল ইঞ্জিনীয়ারিং, লেদার টেকনোলজি, শিপ মেকানিক্যাল ইঞ্জিনীয়ারিং, নেভিগেশন ইঞ্জিনীয়ারিং, ইলেকট্রিক্যাল ইঞ্জিনীয়ারিং, ইলেকট্রনিক্স, মাইনিং ইঞ্জিনীয়ারিং, আর্কিটেকচার, মেকানিক্যাল ইঞ্জিনীয়ারিং, টেক্সটাইল ইঞ্জিনীয়ারিং। | এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় গড়ে ৭০% নম্বরসমেত ১ম বিভাগ। |

৩। ইউএসএসআর সরকার কর্তৃক অন্যান্য যাবতীয় ব্যয়ভার বহন করা হলেও, বাংলাদেশ থেকে ইউএসএসআর-এ যাওয়ার বিমানভাড়া চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের নিজেদের বহন করতে হবে। ইউএসএসআর-এ সাফল্যজনকভাবে অধ্যয়ন শেষে ইউএসএসআর থেকে বাংলাদেশে আসার বিমানভাড়া সোভিয়েট কর্তৃপক্ষ কর্তৃক বহন করা হবে। প্রার্থী/প্রার্থিনীর অভিভাবক বিদেশ গমনের বিমানভাড়া বহন করবেন এই মর্মে আবেদনকারীর আইনানুগ অভিভাবকের কাছ থেকে গৃহীত অঙ্গীকারপত্র আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করে পাঠাতে হবে।

৪। চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৫। যারা বিদেশী স্কলারশিপের সুযোগ গ্রহণ করেছেন এবং বিদেশ থেকে শিক্ষাগত ডিগ্রি পেয়েছেন, কিন্তু বিদেশ থেকে ফিরে এসে বাংলাদেশে এখনো ন্যূনতম ৫ বছর চাকরির মেয়াদ/অবস্থান সমাপ্ত করেননি, তারা আবেদন করার অযোগ্য। ১-৭-৮৬ তারিখে প্রার্থীদের বয়স অবশ্যই ৩৫ বছর হতে হবে।

৬। সাদা কাগজে নিম্ন বিবরণ উল্লেখে সার্টিফিকেট/মার্কশীট, প্রশংসাপত্র ইত্যাদির দু'টি করে সত্যায়িত কপিসমেত আবেদনপত্র অবশ্যই সর্বশেষ ১৪-৬-১৯৮৬ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কাছে পৌঁছাতে হবে। এছাড়া রিসেপশন রুম, ২য় গেট, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ঠিকানায় রক্ষিত কাঠের বাক্সে আবেদনকারিগণ তাদের আবেদনপত্র দাখিল করতে পারবেন।

৭। মিথ্যা মার্কশীটসহ মিথ্যা তথ্য পরিবেশন করা হলে ফৌজদারী আইনের বিধান অনুযায়ী প্রার্থীর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।

**ইউএসএসআর স্কলারশিপের জন্য আবেদন করার ফরম**

১। নাম (বড় হরফে) :
২। পিতা/স্বামীর নাম :
৩। (ক) জন্ম তারিখ :
(খ) ১-৭-১৯৮৬ তারিখে সঠিক বয়স :
৪। টেলিগ্রাম অফিস এবং টেলিফোন নং (যদি থাকে) সমেত ডাকযোগাযোগ ঠিকানা :
৫। স্থায়ী ঠিকানা :
৬। শিক্ষাগত যোগ্যতা :

| উত্তীর্ণ পরীক্ষা | উত্তীর্ণের সাল | বিভাগ/শ্রেণী | পজিশন | প্রাপ্ত নম্বরের শতকরা হার |
|---|---|---|---|---|

৭। পদমর্যাদাসহ কর্মরত প্রতিষ্ঠানের নাম (প্রযোজ্য হলে) :

৮। অভিজ্ঞতা (প্রযোজ্য হলে)

| অধিষ্ঠিত পদমর্যাদা (বর্তমান পদমর্যাদা থেকে শুরু করে) | ঠিকানাসহ প্রতিষ্ঠানের নাম | চাকরির মেয়াদ থেকে | পর্যন্ত | চাকরির মোট মেয়াদ |
|---|---|---|---|---|

৯। প্রার্থিত বিষয় :
১০। অধ্যয়ন পর্যায় :
১১। আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ

স্বাঃ—মোঃ আবদুল হোসেন খান,
এসিস্ট্যান্ট সেক্রেটারী
ফোন : ২৩৫১১১/৩১০৫.

ডিএফপি(স)—১৩৫১(২)(৪-৬)    জি-২৩০৫